

## উচ্ছেদের নোটিশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, যেহেতু আপনি/আপনারা বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন নিম্ন তফসিলবর্ণিত রেলভূমিতে কোন অনুমতি গ্রহণ ব্যতীত অবৈধভাবে টিন সেট/সেমি পাকা দোকান ঘর নির্মাণ করে ব্যবসা-বাণিজ্য করছেন এবং উক্ত রেলভূমি অবৈধভাবে দখলে রেখেছেন;

এবং যেহেতু বিভিন্ন সময়ে একাধিকবার বাধা/দোকান ঘর ও স্থাপনা নির্মাণ না করার নির্দেশনা প্রদান করা এবং উচ্ছেদ করা সত্বেও আপনি/আপনারা উল্লিখিত রেলভূমিতে অবৈধ দোকান ঘর/স্থাপনা নির্মাণ করে অবৈধভাবে ব্যবসা-বাণিজ্য করে রেলভূমি দখল করে রেখেছেন;


এবং যেহেতু আপনি/আপনারা রেলভূমিতে অবৈধ দোকান ঘর/স্থাপনা নির্মাণ করে বাংলাদেশ রেলওয়ের নানাভাবে ক্ষতির কারণ ঘটিয়ে আসছেন;

সেহেতু আপনাকে/আপনাদেরকে আগামী ১৮ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন তফসিলবর্ণিত রেলভূমি হতে অবৈধ দোকান ঘর/স্থাপনা অপসারণপূর্বক রেলভূমি খালি করে এর নিষ্কটক দখল এ বিভাগের সংশ্লিষ্ট কানুনগো/আমিন/এসএসএই (কার্য)/এসএসএই (ওয়ে)-কে বুঝিয়ে দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায়, বিধি মোতাবেক আগামী ১৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখ রেলভূমি হতে অবৈধ দোকান ঘর/স্থাপনা উচ্ছেদ করে আপনার/আপনাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। সরকারি এবং স্থানীয় কর্তৃপক্ষ ভূমি ও ইমারত (দখল পুনরুদ্ধার) অধ্যাদেশ, ১৯৭০ এর ধারা ৫(১) মোতাবেক এ নোটিশ জারী করা হলো।


### রেলভূমির তফসিল

জেলা	উপজেলা	মৌজা এবং জেএল নং	খতিয়ান এবং দাগ নং	জমির পরিমাণ
লালমনিরহাট	লালমনিরহাট সদর	তালুক খুটামারা-১৮	সিএস খতিয়ান নং-৬৮৪, সিএস/এসএ দাগ নং- ২৫৯০, ২৫৯৩, ২৫৯৯, ২৬০০, ২৬০১, ২৬০২, ২৯৩২, ২৬০৬, ২৬০৭ (অংশ)	আনুমানিক ১.০০ একর



(পূর্ণেন্দু দেব)  
ডেপুটি কমিশনার  
(রেলওয়ে ল্যান্ডস্ এন্ড বিল্ডিংস্)

ও  
ডিভিশনাল এস্টেট অফিসার  
বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট

  
১১/১০/২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ০২। চীফ এস্টেট অফিসার (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
- ০৩। পুলিশ সুপার, লালমনিরহাট।
- ০৪। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট।
- ০৫। পুলিশ সুপার, সৈয়দপুর রেলওয়ে জেলা, বাংলাদেশ রেলওয়ে।
- ০৬। ডিভিশনাল ইঞ্জিনিয়ার, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
- ০৮। সহকারী কমিশনার (ভূমি), লালমনিরহাট সদর, লালমনিরহাট।
- ০৯। এসএসএই (কার্য/পথ), বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট।
- ১০। ফিল্ড কানুনগো এবং আমীন, ০১ নং কাচারী, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট (তাদেরকে নোটিশটি জারী করার জন্য অনুরোধ করা হলো)।
- ১১। অফিস কপি।